

ভর্তি

আধুনিক ভাষা ইনসিটিউটে ১৪টি ভাষা শিক্ষার কোর্স, আবেদন এইচএসসি পাসে

পড়াশোনা ডেস্ক

প্রকাশ: ১৮ অক্টোবর ২০২৫, ১৫: ৫৩



X

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনসিটিউটে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১৪টি ভাষা কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু
হয়েছে। ছবি: বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনসিটিউটে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১৪টি ভাষা কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু
হয়েছে।

১৪টি ভাষার নাম

আরবি, চীনা, ইংরেজি, ফরাসি, জার্মান, হিন্দি, ইতালিয়ান, জাপানি, কোরীয়, ফার্সি, রাশিয়ান, স্প্যানিশ, তুর্কি এবং বাংলা (শুধু বিদেশি শিক্ষার্থীদের জন্য)।

কোর্সের মেয়াদ

১. কোর্সের মেয়াদ হবে মোট ১৫০ ঘণ্টা,

২. এক বছরে সমাপ্ত করা হবে।

শিক্ষা কার্যক্রমসমূহের নাম

১. এলিমেন্টারি সার্টিফিকেট কোর্স (ইংরেজি ছাড়া সব ভাষা)।

২. ইংরেজি ভাষার জন্য প্রি-ইন্টারমিডিয়েট ও ইন্টারমিডিয়েট সার্টিফিটেক কোর্স।

ক্লাসের ব্যাপ্তিকাল

১. প্রতি ক্লাস দুই ঘণ্টা করে হবে,

২. প্রতি সপ্তাহে ২/৩ দিন।

ভর্তির যোগ্যতা

- এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
- ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা বি গ্রেড বা জিপিএ ২.৫ থাকতে হবে।
- ইংরেজি ভাষা কোর্সটি শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য।

আবেদনপত্র সংগ্রহ (অনলাইন ও অফলাইন)

১. জনতা ব্যাংক, টিএসসি (ঢাকা বিশ্ববিদ্যালয়) শাখা হতে নগদ টাকার বিনিময়ে ভর্তির আবেদন সংগ্রহ করা যাবে।

২. আধুনিক ভাষা ইনস্টিটিউটের নির্ধারিত [ওয়েবসাইট](#) এর মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত ফরম অনলাইনে পাওয়া যাবে, যা যথাযথভাবে পূরণ করে ১ কপি ছবি ও নিজ স্বাক্ষরের (৮০ x ৮০ কেবির নিচে) স্ক্যান কপি আপলোড করতে হবে।

আবেদন বাবদ ফিস জমা (অনলাইন ও অফলাইন)

* ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বর্তমান শিক্ষার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা, ভূতপূর্ব ও অন্যান্য শিক্ষার্থীদের ক্ষেত্রে ৭০০ টাকা।

আবেদনের শেষ তারিখ: ১২ নভেম্বর ২০২৫।

বিস্তারিত তথ্যের জন্য [ওয়েবসাইট](#)

